

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১২-২৭

তারিখঃ ডিসেম্বর ১০, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

ব্যাংক টু ব্যাংক ঋণপত্রের বিপরীতে স্থানীয় উৎস আমদানি দায় নির্বাহের
ক্ষেত্রে ঘটনোত্তর অনুমোদন গ্রহণ প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯ (জিএফইটি), ভলিউম-১ এর ৭ নম্বর অধ্যায়ের ৩৮ নম্বর অনুচ্ছেদের প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী ব্যাংক টু ব্যাংক ঋণপত্রের বিপরীতে আমদানি দায় স্থানীয় উৎস হতে আংশিক অথবা সম্পূর্ণ নির্বাহ করা হলে বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট হতে ঘটনোত্তর অনুমোদন গ্রহণের আবশ্যিকতা রয়েছে।

০২। ইদানিংকালে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংক টু ব্যাংক ঋণপত্রের আমদানি দায় স্থানীয় উৎস হতে নিষ্পত্তির ক্ষেত্রে আবশ্যিকীয় ঘটনোত্তর অনুমোদন গ্রহণের নিমিত্তে অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট আবেদনপত্র দাখিলে অহেতুক বিলম্ব করছে। এতদপ্রেক্ষিতে অনুমোদিত ডিলার ব্যাংকগুলোকে এ মর্মে পরামর্শ দেয়া যাচ্ছে যে, প্রত্যেক মাসে স্থানীয় উৎস হতে ব্যাংক টু ব্যাংক আমদানি দায় নিষ্পত্তি বিষয়ক আবেদনপত্র পরবর্তী মাসের ১৫ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিসে ঘটনোত্তর অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২